



Beats of My Heart

ডিভিডেন্ড পেলেন তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির বিনিয়োগকারীরা

পুঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি লাভেলো ব্র্যান্ডের আইসক্রিম বাজারজাতকারী প্রতিষ্ঠান তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির ঘোষিত নগদ লভ্যাংশ সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের ব্যাংক হিসাবে পাঠানো হয়েছে।

জানা গেছে, গত ৩০শে জুন, ২০২১ সমাপ্ত অর্থবছরের জন্য তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসি ১১ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা করেছিল। যা কোম্পানির বার্ষিক সাধারণ সভায় (এজিএম) শেয়ারহোল্ডারদের সম্মতিক্রমে অনুমোদিত হয়। এরই ধারাবাহিকতায় বিনিয়োগকারীরা এই নগদ লভ্যাংশ পেলেন।

উল্লেখ্য, বিএসইসির নির্দেশনা অনুযায়ী ১০ শতাংশ বা তার অধিক নগদ লভ্যাংশ ঘোষণা করায় দ্রুতই কোম্পানিটি 'এন' ক্যাটাগরি থেকে 'এ' ক্যাটাগরিতে উন্নীত হবে।